

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, মে ৯, ২০১৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
অধিশাখা-৬
প্রজ্ঞাপন

তারিখ: ১৫ বৈশাখ ১৪২৩ বঙ্গাব্দ/২৮ এপ্রিল ২০১৬ খ্রিস্টাব্দ

নং ৪০.০০.০০০০.০১৬.৩৪.০০১.১৪-৬১।—বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ (২০০৬ সনের ৪২নং আইন) এর ধারা ৩২৪ এর উপ-ধারা (১) ও উপ-ধারা (২) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, জনস্বার্থে প্রাণ গ্রুপ এ্যাগ্রিকালচারাল মার্কেটিং কোং লিঃ, ঘোড়াশাল, নরসিংদী; প্রাণ ডেইরী লিঃ পলাশ, নরসিংদী; ময়মনসিংহ এ্যাগ্রো লিঃ, কালিগঞ্জ, গাজীপুর; প্রাণ এ্যাগ্রো লিঃ, নাটোর এবং হবিগঞ্জ এ্যাগ্রো লিঃ, শায়েস্তাগঞ্জ, হবিগঞ্জ, কারখানাগুলোকে বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ১০০, ১০১, ১০২, ১০৫ ও ১১৪ ধারা এর প্রয়োগ হইতে নিম্নোক্ত শর্তে ২৯ মার্চ ২০১৬ থেকে ২৮ সেপ্টেম্বর, ২০১৬ পর্যন্ত (ছয়) মাসের জন্য অব্যাহতি প্রদান করিল :

শর্তাবলী :

- (১) অতিরিক্ত সময় কাজের জন্য প্রচলিত বিধান মোতাবেক স্বাভাবিক মজুরীর দ্বিগুণ হারে মজুরী প্রদান করিতে হইবে।
- (২) সাপ্তাহিক ছুটি প্রদান করিতে হইবে।
- (৩) বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর বিধি-বিধান অনুসরণ করিতে হইবে।

২। ইহা ১৫ চৈত্র ১৪২২ বঙ্গাব্দ/২৯ মার্চ ২০১৬ খ্রিস্টাব্দ তারিখে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ নজরুল ইসলাম
উপসচিব।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,

তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd

(৬৮৬৫)

মূল্য : টাকা ৪.০০